ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এফ এম বিভাগ-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.০২১.২৪ নথির বিষয়: এফ.এম. বিভাগ-২ এর জরুরি যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষন কাজে প্রিসিশন মেজারিং টুলস ক্রয় প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **এফ.এম. বিভাগ-২ এর জরুরি যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত ও রক্ষণাবেক্ষন কাজে প্রিসিশন মেজারিং টুলস ক্রয় প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১/৪/২৪ ১:৪৬ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র এফ.এম বিভাগ-২ এর আওতায় জরুরি পাম্প-মোটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার, এইচ টি-এল টি ক্যাবলের ফল্ট মেরামতসহ রেকটিফিকেশন কাজ করা হয়ে থাকে। এ সকল যান্ত্রিক ও বৈদ্যুতিক মেরামত-রক্ষণাবেক্ষন কাজের প্রাক্কলন প্রণয়নের স্বার্থে মালামালের ফিজিক্যাল ডাইমেনশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি করতে হয়। যাতে সাধারণ মেজারিং টুলসের পাশাপাশি কিছু প্রিসিশন মেজারিং টুলস যেমনঃ ডিজিটাল ভার্ণিয়ার ক্যালিপার্স, ওয়্যার গেজ, ডিজিটাল মাইক্রোমিটার, স্ক্রু-গেজ ইত্যাদি প্রয়োজন হয়ে থাকে। বর্ণিত টুলসগুলো অত্র বিভাগে মজুদ না থাকায় বিশেষ করে পাম্প-মোটর ও বৈদ্যুতিক ট্রান্সফরমার মেরামত কাজ ও পাম্প-মোটর স্থাপনে আনুষাঙ্গিক টুলস যেমনঃ RTD সেন্সর ক্যাবল ইত্যাদি সংগ্রহ কাজের প্রাক্কলণ প্রণয়নে সঠিক টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি কাজে বিঘ্ন ঘটছে। তাছাড়া, ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামালসমূহ টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী আছে কিনা যাচাই করার জন্যও এ সকল টুলস মজুদ রাখা প্রয়োজন। সে কারণে ডিজিটাল ভার্ণিয়ার ক্যালিপার্স, ওয়্যার গেজ, ডিজিটাল মাইক্রোমিটার, স্ক্রু-গেজ ইত্যাদি নগদ ক্রয়ের মাধ্যমে সংগ্রহ করার জন্য অনলাইন মার্কেট প্লেস হতে কোটেশন সংগ্রহ করে একটি খরচের হিসাব প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ১৩,০৩৩.০০০ (তের হাজার তেত্রিশ টাকা মাত্র)। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের বাৎসরিক কর্ম-পরিকল্পনার পানির পাম্প রক্ষণাবেক্ষন খাতের ক্রমিক নং-৬৯ হতে নির্বাহ করা যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের অত্র বিভাগের কর্ম পরিকল্পনার কপি।.
২। আলোচ্য কাজের প্রতিবেদন।.
৩। আলোচ্য কাজের প্রাক্কলণ।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১/৪/২৪ ১:৪৯ অপরাহ্ন

এমতাবস্থায়, বিভাগীয় কাজের স্বার্থে ডিজিটাল ভার্ণিয়ার ক্যালিপার্স, ওয়্যার গেজ, স্ক্রু-গেজ ইত্যাদি সংগ্রহ কাজের লক্ষ্যে মোট ১৩,০৩৩.০০০ (তের হাজার তেত্রিশ মাত্র) টাকা খরচের হিসাবটি পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর ৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসেবে সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

১/৪/২৪ ৪:৩৮ অপরাহ্ন সঞ্জয় মিশ্র উপ-সহকারি প্রকৌশলী এফ এম বিভাগ-২	৩/৪/২৪ ১:১১ পূর্বাহ্ন রিয়াদ আহমেদ সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) এফ এম বিভাগ-২	৩/৪/২৪ ১১:১১ পূর্বাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২২/৪/২৪ ১২:৫০ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

~~২২/৪/২৪ ১২:৫০ অপরাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২২/৪/২৪ ১১:০০ অপরাহ্ন

Okay

২২/৪/২৪ ১১:০০ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২৩/৪/২৪ ৪:৪১ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	২৩/৪/২৪ ৮:২৩ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/৪/২৪ ৮:২৩ অপরাহ্ন সঞ্জয় মিশ্র উপ-সহকারি প্রকৌশলী এফ এম বিভাগ-২